

চিহ্নিত
৪৩

শিক্ষার্থীদের সাংবাদিকতাসহ চাকরি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের
নিষেধাজ্ঞা বাতিল
করেছে শিক্ষা মন্ত্রণালয়

স্টাফ রিপোর্টার : তীব্র সমালোচনার মুখে অবশেষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাংবাদিকতাসহ অন্যান্য পেশার ওপর দেয়া নিষেধাজ্ঞা বাতিল করেছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষার্থীদের চাকরি করা মৌলিক অধিকার—এই কথা উল্লেখ করে শিক্ষা মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করে নিষেধাজ্ঞা বাতিল করে। মন্ত্রণালয় শিক্ষার্থীদের সাংবাদিকতাসহ অন্যান্য পেশার ওপর দেয়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিষেধাজ্ঞা সংক্রান্ত বিজ্ঞপ্তি সংশোধন করার নির্দেশ দিয়েছে। সরকারের এই সিদ্ধান্তের ফলে (১১-পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের

(১২-এর পাতার পর)

শিক্ষার্থীদের চাকরি করতে আর কোন বাধা থাকবে না। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনের (১১ অক্টোবর জারিকৃত), বরাত নিয়ে ছাত্রাবস্থায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সাংবাদিকতাসহ অন্যান্য পেশায় নিয়োজিত থাকতে পারবে না বলে বিজ্ঞপ্তি প্রকাশ করে। তখু ডাই নয়, কেউ এই সিদ্ধান্ত না মানলে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে বলেও সিদ্ধান্ত হয়। এ স্বর মিডিয়ায় প্রকাশ হওয়ার সঙ্গে সঙ্গে সেই ছাত্র-শিক্ষক, সাংবাদিকসহ বিভিন্ন মহলে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরিরত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। তারা অবিলম্বে এই সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জেলে।